দৈনিক বাংলা

C/5

তারিখ ২২/১২/৮১
পৃষ্ঠা ... কলাম ...

# খাদ্য উৎপাদন দ্বিগুণ করার শপথ নিনঃ সাত্তার


পাগলাবাজার (ঢাকা), ২১শে ডিসেম্বর (বাসস)।—প্রেসিডেন্ট আবদুস সাত্তার দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনাকালের মধ্যে স্বনির্ভরতা অর্জন, তদুপরি দেশের খাদ্য উৎপাদন দ্বিগুণ করার শপথ গ্রহণের আহ্বান জানান।

আজ এখানে পুরনো কংশ নদী পুনর্খনন উদ্বোধনকালে প্রেসিডেন্ট বলেন যে দেশের ৯ কোটি লোক তাদের কঠোর শ্রমনিয়োগ করতে এগিয়ে এলে এ লক্ষ্য অর্জন সম্ভব হবে।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী জনাব আবদুল মোমেন খান, ঢাকা জেলা উন্নয়ন সমন্বয়কারী জনাব শামসুল হক এমপি, জনাব এম এ সাত্তার এমপি এবং ঢাকার ডেপুটি কমিশনারও ভাষণ দেন।

প্রেসিডেন্ট সাত্তার বলেন, খরা ও বন্যার দরুন ফসলহানি হলে আমরা যাতে আমাদের নিজস্ব সম্পদের সাহায্যে ঘাটতি পূরণ করতে পারি সে জন্য জাতিকে অবশ্যই এক বছরের খাদ্য মজুত গড়ে তুলতে হবে। তিনি বলেন, আমরা আর অন্যের উপর নির্ভরশীল হতে চাই না।

তিনি বলেন, মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে ১৯-দফা কর্মসূচী শুরু করেন তা বাস্তবায়নই হচ্ছে দেশের অর্থনৈতিক উন্নয়ন অর্জনের একমাত্র উপায়। তিনি জনগণের প্রতি জাতীয় অগ্রগতি ও সমৃদ্ধি অর্জনের জন্য ১৯-দফা কর্মসূচী বাস্তবায়নে কঠোর পরিশ্রমের আহ্বান জানান।



প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার সোমবার ফতুল্লায় পুরাতন কংশ নদীর পুনর্খনন কাজ উদ্বোধন করেন

প্রেসিডেন্ট সাত্তার বলেন যে দেশের সমস্ত লোক নিরক্ষরতার অভিশাপমুক্ত না হলে জাতি সমৃদ্ধি অর্জন করতে পারে না। অশিক্ষিত জনসংখ্যা নিয়ে দেশ কখনো এগিয়ে যেতে পারে না।